

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
পুরাতন বিমান বন্দর সড়ক  
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-বিআরটিএ/৩১এ(অংশ-১)/২০১৫-১৭৫১

তারিখ : ০৭-০৫-২০১৮ খ্রিঃ

## অফিস আদেশ

ইদানিং বিআরটিএ'র বিভিন্ন সার্কেল অফিসে দালালদের উৎপাত বৃদ্ধি পাচ্ছে মর্মে জানা যায়। ফলে গ্রাহকগণ কাজক্ষিত সেবা পেতে হয়রানির শিকার হচ্ছেন। প্রত্যাশিত মানের সেবা প্রদানের মাধ্যমে জনসন্তুষ্টি বিধান এবং নাগরিক সেবার প্রতিশ্রুতিস্বরূপ বর্তমান সরকার বিভিন্ন সরকারি অফিসে সেবা প্রদান প্রতিশ্রুতি এবং এর বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। সেই লক্ষ্যে জনগণের কাছে সরকারি প্রতিষ্ঠানসমূহের জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিষ্ঠার পাশাপাশি সেবার মান উন্নতিকরণে ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কিন্তু দালালদের উৎপাতের কারণে জনগণের কাছে কাজক্ষিত সেবা পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে না।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিভাগ ও সার্কেলসমূহের উপ-পরিচালক(ইঞ্জিঃ) ও সহকারী পরিচালক (ইঞ্জিঃ) গণকে দায়িত্বশীলতার সাথে সেবা প্রদান এবং দালালদের উৎপাত থেকে অফিসকে মুক্ত রাখতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় বিআরটিএ'র কোন অফিসে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে দালালদের সাথে সম্পৃক্ততার অভিযোগ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
-০৭/০৫/২০১৮-

শাহ আবদুল তারিক  
(উপসচিব)

উপপরিচালক(প্রশাসন)  
ফোন: ৯১১৪০৮৮।

### বিতরণঃ

- ১। উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ,.....(সকল) বিভাগীয় কার্যালয়।
- ২। সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ,.....(সকল) সার্কেল।

### অনুলিপিঃ

চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।